

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহি রহমানির রহীম

আজকের আলোচনার বিষয়: পবিত্র কোরআন ও হাদিসে “ইতিকাফ”

রমজানের মাসের শেষ ১০ দিন পুরো সময়টা সংসার থেকে বিচ্ছিন্ন হয়ে মসজিদে অবস্থান করে আল্লাহর ইবাদতে কাটিয়ে দেয়ার নামই ইতিকাফ।

পবিত্র কোরআন আয়াত সমূহ

وَعَهْدَنَا إِلَىٰ إِبْرَاهِيمَ وَإِسْمَاعِيلَ أَنْ طَهِّرَا بَيْتِيَ لِلطَّائِفِينَ وَالْعَاكِفِينَ
وَالرُّكَّعِ السُّجُودِ

১. এবং ইব্রাহিম ও ইসমাইলকে তাওয়াফকারী, ইতিকাফকারী, রুকু ও সিজদাকারীদের জন্য আমার ঘরকে (কাবা) পবিত্র রাখতে আদেশ দিয়েছিলাম। (২:১২৫)

وَلَا تُبَشِّرُوهُنَّ وَأَنْتُمْ عَاكِفُونَ فِي الْمَسْجِدِ

২. তোমরা মসজিদে ইতিকাফরত অবস্থায় তাদের (স্ত্রীদের) সাথে সহবাস (সংগত হয়) করো না। (২:১৮৭)

إِذْ قَالَتِ امْرَأَتُ عِمْرَانَ رَبِّ إِنِّي نَذَرْتُ لَكَ مَا فِي بَطْنِي مُحَرَّرًا فَتَقَبَّلْ مِنِّي

৩. স্মরণ করো যখন ইমরানের স্ত্রী বলেছিল, হে আমার প্রতি পালক আমার গর্ভে যা আছে তা একান্ত তোমার জন্য উৎসর্গ করলাম। সুতরাং তুমি আমার নিকট থেকে তা কবুল করো। (৩:৩৫)

[সন্তান জন্মগ্রহণ করার পর দেখা গেলো, সে মেয়ে সন্তান। যার নাম রাখা হয়েছিল মরিয়ম। মরিয়মের আশ্রয় মানত অনুসারে তাকে বায়তুল মাকদাসে সার্বক্ষণিক আল্লাহর ইবাদতের জন্য রাখা হয়েছিল। মরিয়মের গর্ভেই হজরত ঈসা (আ:) জন্মগ্রহণ করেছিলেন।

ইতিকার সংক্রান্ত হাদিস

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَغْتَكِفُ الْعَشْرَ الْأَوَّلَ مِنْ رَمَضَانَ، حَتَّى تَوَفَّاهُ اللَّهُ تَعَالَى، ثُمَّ اغْتَكَفَ أَرْوَاجَهُ مِنْ بَعْدِهِ
 হযরত আয়েশা (রা:) হতে বর্ণিত, তিনি বলেন, মহান আল্লাহ নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ওফাত দান করার আগে পর্যন্ত তিনি রমজান মাসের শেষ দশদিন ইতিকার করতেন। তার মৃত্যুর পর তার পবিত্র স্ত্রীগণ ইতিকার করতেন। (বুখারী ও মুসলিম)

وَعَنْ ابْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا، قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَغْتَكِفُ الْعَشْرَ الْأَوَّلَ مِنْ رَمَضَانَ. ((مُتَّفَقٌ عَلَيْهِ))
 হযরত আব্দুল্লাহ ইবনে ওমর (রা:) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রমজানের শেষ দশদিন ইতিকার করতেন। (বুখারী ও মুসলিম)

প্রিয় ভাই ও বোনেরা আল্লাহ আমাদেরকে রমজান মাসের সওম পালন করার তৌফিক দান করুন। রমজান মাসে কিয়ামুল লাইল ও ইতিকার করার মতো শারীরিক ও মানসিক সুস্থতা ও দৃঢ়তা দান করুন।
 আল্লাহ আমাদের সমস্ত গুণাসমূহ ক্ষমা করে দিন।

আমীন

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

Click here <http://www.morningbrightness.fi/>